# বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

বাঃ মঃ উঃ কঃ

বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫।
ফোনঃ ৯১৪০৮০১, ৯১৪০৮০৬, ৯১৪৪৪০৫, ৯১৪৩৪৯৪
ওয়েব সাইট: www.bfdc.gov.bd ই-মেইল: bfdc_64@yahoo.com ফ্যাক্স: ০২-৯১৪২৪৮৮


পত্র নং-৩৩.০৩.০০০০.১০৪.০৩.০৫১.১৪/২২৭ তারিখঃ ২৭-১২-২০১৮ খ্রিঃ

## "স্থানীয় দরপত্র বিজ্ঞপ্তি"

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের প্রধান কার্যালয়ের ঢাকা মেট্রো ঘ-১১-২১১১ গাড়ির সাসপেনশন ও ব্রেক সিষ্টেমের মালামাল ক্রয় ও সংযোজন সংক্রান্ত কাজ সম্পাদনের নিমিত্ত অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান সমূহের নিকট হতে এতদ্দ্বারা সীল মোহরকৃত মুখবন্ধ খামে স্থানীয় দরপত্র আহবান করা যাচ্ছে।

স্থানীয় দরপত্র আগামী ০৮-০১-২০১৯ খ্রিঃ তারিখ বেলা-১২.০০ ঘটিকার মধ্যে অত্র কর্পোরেশনের প্রধান কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে/নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে, সরাসরি/ডাকযোগে দাখিল করতে হবে এবং ঐ দিন বেলা ১২.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাপ্ত স্থানীয় দরপত্র পরীক্ষা এবং মূল্যায়ন করা হবে। দরপত্র প্রদানের সুবিধার্থে বর্ণিত সাসপেনশন ও ব্রেক সিষ্টেমের মালামাল ক্রয় ও সংযোজন সংক্রান্ত কাজের বিবরণসহ দরপত্রের শর্তাবলী এতদসংগে সংযুক্ত করা হ'ল।

সংযুক্তিঃ- উক্তরুপ।

২৭/১২/১৮
(ফাখরুল ইসলাম)
ব্যবস্থাপক (ক্রয়)
বামউক, ঢাকা।

<u>বিতরণ-(সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) ঃ</u>

১। পরিচালক (ক্রয় ও বিপণন), বামউক, ঢাকা।
২। সচিব, বামউক, ঢাকা (দরপত্র বিজ্ঞপ্তিটি বামউক এর ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে)।
৩। ব্যবস্থাপক-বাস্তবায়ন/বিপণন, বামউক, ঢাকা।
৪। নিয়ন্ত্রক, অর্থ/হিসাব, বামউক, ঢাকা।
৫। সহকারী প্রকৌশলী (যন্ত্রকৌশল), প্রশাসন বিভাগ, বামউক, ঢাকা।
৬। নোটিশ বোর্ড, বিএফডিসি/ঢাকা ওয়াসা/ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন/বিআরডিবি, ঢাকা।
৭। মেসার্স ........................................................

........................................................

........................................................

md alloch

প্রয়োজনীয় ব্যবস্থা নিন

| | |
|---|---|
| উপ-সচিব | |
| পি,আর,ও | |
| সহকারী সচিব | |
| পি, এ, | |
| সচিব | |
| তারিখ | ০৭।১।১৯ |

চলমান পাতা- ০২

Car-2111-6

# “স্থানীয় দরপত্র তফসিল”

বরাবর
ব্যবস্থাপক (ক্রয়)
বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
প্রধান কার্যালয়, ২৩-২৪, কাওরান বাজার
তেজগাঁও, ঢাকা-১২১৫।

## গাড়ির সাসপেনশন ও ব্রেক সিস্টেমের মালামাল সমূহের বিবরণঃ

| মালামালসমূহ | পরিমান | দরদাতা কর্তৃক উদ্ধৃত দর | |
|---|---|---|---|
| | | একক মূল্য | মোট মূল্য |
| **সাসপেনশন মালামাল** | | | |
| ১। বল জয়েন্ট (রি-কন্ডিশন) | ০১ (এক) সেট | | |
| ২। টাইরড ইন্ড (রি-কন্ডিশন) | ০১ (এক) সেট | | |
| ৩। ন্যাকাল জয়েন্ট (রি-কন্ডিশন) | ০১ (এক) সেট | | |
| ৪। হ্যাঙ্গার বুশ, নতুন | ০১ (এক) সেট | | |
| ৫। সাসপেনশন রাবার বুশ, নতুন | ০১ (এক) সেট | | |
| ৬। সক্ এ্যাবজারবার (রি-কন্ডিশন) | ০৪ (চার)টি | | |
| ৭। লিংক রড (রি-কন্ডিশন) | ০১ (এক) সেট | | |
| ৮। অয়েল সীল, নতুন | ২ (দুই)টি | | |
| ৯। গ্রীজ | ০২ (দুই) পট | | |
| ১০। সাসেপেনশন ওভার হলিং কাজের মজুরী | থোক | | |
| | মোটঃ | | |
| **ব্রেক সিস্টেমের মালামাল** | | | |
| ১। ব্রেক প্যাড, নতুন (জেনুইন) | ০১ (এক) সেট | | |
| ২। ব্রেক মাস্টার সিলিন্ডার (রিকন্ডিশন) | ০১ (এক) টি | | |
| ৩। হুইল সিলিন্ডার বাকেট কিটস, জেনুইন | ০১ (এক) সেট | | |
| ৪। সার্ভো (মেরামত) | ০১ (এক) টি | | |
| ৫। ব্রেক অয়েল | ০২ (দুই) পট | | |
| ৬। ডিস্ক টার্নিং | ০৪ (চার) টি | | |
| ৭। ব্রেক ওভার হলিং সার্ভিস চার্জ | থোক | | |
| | মোটঃ | | |
| | সর্বমোট (ভ্যাটসহ)ঃ | | |

কথায়ঃ

১। দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ঃ

২। ব্যক্তি/প্রতিষ্ঠানের ঠিকানা ঃ

৩। মোবাইল নং ঃ

৪। তারিখ ঃ

দরদাতার স্বাক্ষর ও তারিখ (সীলসহ)ঃ

চলমান পাতা-০৩

"স্থানীয় দরপত্র এর শর্তাবলী"

১। দরপত্র সিডিউলে উদ্ধৃত দর অংকে ও কথায় স্পষ্ট করে লিখতে হবে। কোন প্রকার কাটা-কাটি/ঘষা-মাজা হলে দরপত্র সিডিউল সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। কেবলমাত্র বামউক এর সরবরাহকৃত দরপত্র সিডিউলেই দরপত্র দাখিল করা যাবে। দাখিলকৃত দরপত্রের প্রতি পাতায় দরদাতা কর্তৃক সীলসহ স্বাক্ষর প্রদান করতে হবে।

৩। দরপত্রের সাথে দরদাতা/প্রতিষ্ঠানের ব্যবসায়িক লাইসেন্স, আয়কর প্রদানের সনদ ও জাতীয় পরিচয়পত্র দাখিল করতে হবে। তাছাড়া পিপিআর-২০০৮ এর শর্তসমূহ প্রতিপালন পূর্বক অত্র কর্পোরেশনের প্রশাসনিক ও আর্থিক বিধি অনুযায়ী সকল কাজ সম্পাদন করতে হবে।

৪। সীলমোহরকৃত মুখ বন্ধ খামের উপর দরদাতা ও দর আহবানকারীর ঠিকানা লিখে দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র গ্রহণ করা হবে না।

৫। সফল দরদাতাকে কার্যাদেশ প্রদানের ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে তফসিলে চাহিত সাসপেনশন ও ব্রেক সিষ্টেমের মালামাল ক্রয় ও সংযোজন সংক্রান্ত কাজ গাড়ী চালক ও সহকারী প্রকৌশলী (যন্ত্রকৌশল) এর উপস্থিতিতে সম্পন্ন করে গাড়ী চালকের নিকট গাড়ি হস্তান্তর করতে হবে এবং গাড়ীর পুরাতন যন্ত্রাংশ গাড়ী চালক কর্তৃক বামউক এর ষ্টোরে জমা প্রদান করে জমার প্রমানক বিলের সঙ্গে দাখিল করতে হবে।

৬। গাড়ী গ্যারেজে থাকাকালীন সময়ে গাড়ীর নিরাপত্তাসহ যে কোন প্রকার ত্রুটি/বিচ্যুতি দেখা দিলে নিজ দায়িত্বে মেরামতসহ ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবেন।

৭। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে বা কোন প্রকার ত্রুটি বিচ্যুতি/অনিয়ম পরিলক্ষিত হলে বামউক কর্তৃপক্ষ প্রতিদিন ৫০০/- (পাঁচশত) টাকা অথবা কার্য মূল্যের সর্বোচ্চ ১০% হারে জরিমানা আরোপ করতে পারবেন।

৮। বিল পরিশোধের নিমিত্ত সহকারী প্রকৌশলী (যন্ত্রকৌশল) এবং প্রশাসন বিভাগের প্রধান কর্তৃক সুপারিশকৃত ০৩ (তিন) প্রস্ত বিল দাখিল করতে হবে। দাখিলকৃত বিল হতেই নিয়মানুযায়ী ভ্যাট ও অন্যান্য কর (যদি থাকে) কর্তন পূর্বক বিলের টাকা চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

৯। গাড়ীর যন্ত্রাংশ ও সরবরাহকৃত মালামালের ০১ (এক) বছরের নিশ্চয়তাপত্র প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সরবরাহকৃত যন্ত্রাংশ/মালামালসহ সংযোজনকৃত কাজের কোন প্রকার ত্রুটি দেখা দিলে দ্রুত নিজ দায়িত্বে ও খরচে পুনরায় সরবরাহ ও মেরামতের কাজ করে দিতে বাধ্য থাকিবেন মর্মে অঙ্গীকারনামা দিতে হবে।

১০। শুধুমাত্র সর্বনিম্ন দরদাতা হলেই দরপত্র প্রাপ্তির নিশ্চয়তা প্রদানে বিবেচ্য হবে না। দরপত্রে উত্তীর্ণের জন্য সার্বিক দিক পর্যালোচনা করা হবে।

১১। অত্র দরপত্র শর্ত সমুহের সংযোজন-বিয়োজন, পরিবর্ধন, পরিমার্জন করা এবং প্রয়োজনে যে কোন নতুন শর্ত আরোপ করার ক্ষমতা বামউক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

দরদাতার স্বাক্ষর ও তারিখ (সীলসহ)